গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

টেলিফোন : ০২৭৭৭৬২৬৬০ মোবাইল : ০১৩০ ওয়েব সাইট-www.mmcollege.edu.bd ই-মেইল : principal.mmc.jessore@gmail.com
EIIN : 116101 মাউশিকোডনং-০২১১ জাতীয়বিশ্ববিদ্যালয়কোডনং-০৫০১ যশোরশিক্ষাবোর্ডকোডনং-৬০০০

অনার্স কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

নং : ২০২৬-১১-৬৭৭ তারিখ : ১২/১১/২০২৬খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪ ও ২০২৫ সালের এইচ এস সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যে সকল শিক্ষার্থীরা বোর্ড বৃত্তি পেয়েছে তাদের বৃত্তির টাকা G2P পদ্ধতিতে প্রাপ্তির জন্য শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব (Bank Account) খুলতে হবে। নির্ধারিত আবেদন পূরণ করে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে আগামী ১৬-১১-২০২৬ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসের অনার্স শাখায় জমা দেয়ার জন্য বলা হলো। উক্ত সময়ের মধ্যে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক জমা দিতে ব্যর্থ হলে অথবা কোন একটি ভুলের জন্য বৃত্তির টাকা প্রাপ্তির জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, ইতোপূর্বে যেসকল শিক্ষার্থী বৃত্তির তথ্যফরম পূরণ করে জমা দিয়েছে তাদের জমা দেয়ার প্রয়োজন নেই।

ব্যাংক হিসাব খোলা ও প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের বিবরণ:

(ক) ব্যাংক হিসাব খোলার নিয়ম :

১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভূক্ত ব্যাংকে শিক্ষার্থীদের নিজ নামে একাউন্ট খুলতে হবে। ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/ মাতার সাথে যৌথ নামে ব্যাংক একাউন্ট খুলতে হবে।
২। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।
৩। শিক্ষার্থীর নাম এবং অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে অন্যথায় বৃত্তির টাকা পাওয়া যাবে না।
৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিকভাবে পূরণ করতে হবে।
৫। বিকাশ, শিউর ক্যাশ, নগদ বা কোন ধরণের এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।

(খ) নির্ধারিত ফরম পূরণ করার নিয়ম :

১। শিক্ষার্থীর এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, পরীক্ষায় পাশের সাল সঠিকভাবে পূরণ করতে হবে।
২। বৃত্তির ক্যাটাগরি (মেধা অথবা সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৩। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

(গ) নির্ধারিত আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

১। শিক্ষার্থীর জন্মনিবন্ধন কার্ড এবং পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
২। ব্যাংক চেক বইয়ের কভার পেজ (১ম পাতা) অথবা জমা রশিদের ফটোকপি (হিসাব নম্বর ১৩-১৭ ডিজিট হতে হবে)।
৩। স্ব-স্ব বোর্ড কর্তৃক প্রকাশিত বৃত্তির গেজেটের প্রিন্ট কপি (গেজেটের যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম আছে)।
৪। এইচএসসি'র (Hsc)-এর ট্রান্সক্রিপ্টের ফটোকপি।

উল্লেখ্য যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ডবৃত্তি (মেধা/সাধারণ) পেয়েছে অথচ উপরোক্ত নিয়মাবলী অনুসরণ করেনি বা ফরম পূরণ করে বর্ণিত শাখায় জমা দেয়নি এমন শিক্ষার্থীর বোর্ড বৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে নিম্নস্বাক্ষরকারী কোন ক্রমেই দায়ী থাকবেন না।

অধ্যক্ষ
সরকারি মাইকেল মধুসূদন কলেজ
সরকারি মাইকেল মধুসূদন কলেজ
যশোর

১২/১১/২৬ ১২/১১/২০২৬